# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড : ১ ৪ ১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১. ▶ রহিম মিয়ার পণ্যের যোগানসূচি নিম্নে দেওয়া হলো:

| প্রতি একক দ্রব্যের দাম (টাকায়) | যোগানের পরিমাণ (কুইন্টাল) |
|---|---|
| ৫ | ৫ |
| ১০ | ১০ |
| ১৫ | ১৫ |
| ২০ | ২০ |

ক. অর্থনীতিতে যোগান কাকে বলে? ১

খ. উক্ত যোগান সূচিতে দামের সাথে যোগানের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. সূচি থেকে যোগান রেখা অঙ্কন কর এবং ব্যাখ্যা কর। ৩

ঘ. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে দাম বাড়লে যোগানের ক্ষেত্রে কী পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ৪

২. ▶ সুজিত সাহেব বাংলাদেশের নাগরিক। তিনি উচ্চ শিক্ষার জন্য চীন দেশে চলে যান। চীনে যে বিষয়টি তার দৃষ্টি আকর্ষণ করে সেটি হলো রাষ্ট্রের নিয়ন্ত্রণে যাবতীয় অর্থনৈতিক কার্যাবলি পরিচালনা। সেখানে ব্যক্তিগত মুনাফার উদ্দেশ্যে কোনো অর্থনৈতিক প্রতিষ্ঠান গড়ে ওঠেনি। সেখানে সুজিত সাহেব তার নিজ দেশে অর্থব্যবস্থার কথা ভাবলেন, যেখানে রাষ্ট্রীয় ও ব্যক্তিগত উৎপাদন ব্যবস্থা বিদ্যমান রয়েছে।

ক. বাংলাদেশে কোন ধরনের অর্থব্যবস্থা রয়েছে? ১

খ. বাংলাদেশের অর্থব্যবস্থার প্রধান দুটি ব্যবস্থার ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সুজিত সাহেব যে দেশে উচ্চ শিক্ষার জন্য যান সে দেশের অর্থব্যবস্থার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের দেশ ও বাংলাদেশের অর্থব্যবস্থার মধ্যে কোনটি তোমার কাছে বেশি গ্রহণযোগ্য? তোমার উত্তরের পক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৩. ▶ সুফিয়া বেগম একজন চাকরিজীবী মহিলা। তিনি একটি বেসরকারি সংস্থায় চাকরি করেন। প্রতিমাসে বেতন দিয়ে সংসার চালানোর পাশাপাশি সংসারের জন্য বিভিন্ন জিনিস ক্রয় করেন। এ মাসে তার ছেলের জন্য বই, খাতা, কলম, বিভিন্ন প্রকার খাবার ও কিছু কাপড় কিনলেন।

ক. বিনিয়োগ কী? ১

http://teachingbd.com

খ. সঞ্চয় বলতে কী বোঝায়? ২

গ. সুফিয়া বেগম যেসব জিনিস কেনাকাটা করলেন অর্থনীতির ভাষায় তাকে কী বলে? তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. এ মাসে সুফিয়া বেগম বিভিন্ন প্রকার দ্রব্য কিনলেন অর্থনীতির ভাষায় কোনটি কোন প্রকার দ্রব্য তা ব্যক্ত কর। আর কত প্রকার দ্রব্য আছে তা উল্লেখ কর। ৪

৪. ▶ সীমা তার বাবার সাথে শিবপুর উপজেলার রাস্তার পাশ দিয়ে হাঁটছিলেন। হঠাৎ ভিড় দেখে কাছে গিয়ে দেখলেন, একটি টিউবওয়েল দিয়ে পানি পড়ছে। একটি ছেলে ম্যাচের কাঠিতে আগুন ধরিয়ে টিউবওয়েলের কাছে ধরার সাথে সাথেই আগুন জ্বলে ওঠে। সীমার প্রশ্নের জবাবে তার বাবা বলল, বায়বীয় পদার্থ পানির সাথে মিশেছে বলে এ ঘটনা ঘটছে।

ক. জাতীয় সম্পদ কী? ১

খ. উৎপাদিত সম্পদের বর্ণনা দাও। ২

গ. সীমার দেখা সম্পদের গুরুত্ব বর্ণনা দাও। ৩

ঘ. 'উক্ত সম্পদের প্রাচুর্যই দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়ক'-এ বক্তব্যের সমর্থনে যুক্তি দাও। ৪

৫. ▶ শরিফ সাহেব তার কারখানায় ২০ জন শ্রমিক নিয়োগ করে ১২০০ কেজি সার উৎপাদন করেন। এখানে গড়ে প্রতিটি শ্রমিক ৬০ কেজি সার উৎপাদন করে। পরের মৌসুমে ২১ জন শ্রমিক নিয়োগ করে ১২৫০ কেজি সার উৎপাদন হলো।

ক. প্রান্তিক উৎপাদন কী? ১

খ. সেবাগত উৎপাদন বলতে কী বোঝায়? ২

গ. শরিফ সাহেবের সার কারখানায় শ্রমিক নিয়োগ ও উৎপাদন বৃদ্ধি উৎপাদনের যে দিকগুলোকে প্রকাশ করে, সেগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. গড় ও প্রান্তিক উৎপাদনের মধ্যে সম্পর্ক উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

৬. ▶ স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড চাকা ওয়াশিং পাউডারের একটি চমৎকার বিজ্ঞাপন তৈরি করে। উক্ত বিজ্ঞাপনে ময়লা জামাকাপড়কে উত্তমরূপে ধোলাই করা হয়। এই বিজ্ঞাপনের মাধ্যমে চাকা ওয়াশিং পাউডারের বিক্রয় বৃদ্ধি পেয়েছে।

ক. অলিগোপলি কোন ধরনের বাজার? ১

খ. উপকরণ বাজার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন ধরনের বাজারের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

ঘ. উদ্দীপকের শেষ লাইনটির মূল্যায়ন কর। ৪

৭. ▶ সিফাত ও রিফাত দুজনেই বৈদ্যুতিক পাখা কিনতে একটি ইলেকট্রিক সামগ্রীর দোকানে গেল। সিফাত লাল রঙের ও রিফাত সাদা রঙের বৈদ্যুতিক পাখা কিনল। সিফাত এক হাজার টাকার একটি নোটের মাধ্যমে তার পছন্দের পাখাটি কিনল। কিন্তু রিফাত তার পাখার মূল্য বাবদ এক হাজার টাকার প্রাইজবন্ড দিলে বিক্রেতা তা গ্রহণ করতে রাজি হয়নি।

ক. যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী? ১

খ. অর্থের প্রথম ও প্রধান কাজ কোনটি? ২

গ. সিফাতের প্রদত্ত অর্থের শ্রেণিবিভাগটি ব্যাখ্যা কর। ৩

ঘ. রিফাত সমপরিমাণ অর্থ দিয়েও পছন্দের পাখাটি কেন ক্রয় করতে পারেনি? বর্ণনা কর। ৪

৮. ▶ শিহাব শিক্ষিত হয়েও বেকার জীবন কাটাচ্ছে। হঠাৎ সে সিদ্ধান্ত নিল, গ্রামে গিয়ে জমিগুলো কাজে লাগাবে এবং বেকারত্বের অভিশাপ থেকে মুক্তিলাভ করবে। সে গ্রামে গিয়ে গরুর খামার করল। তারপর হাঁস-মুরগি পালন শুরু করল। ছোট একটা পুকুরে সে মাছ চাষ শুরু করল এবং একটা জমিতে সবজি চাষ করল। এভাবে সে স্বাবলম্বী হয়ে উঠল।

ক. আমাদের দেশের কত ভাগ লোক দারিদ্র্যসীমার নিচে জীবনযাপন করে? ১

খ. শিল্প বলতে কী বোঝায়? ২

গ. শিহাবের কাজগুলো অর্থনীতির কোন খাতের মধ্যে পড়ে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অর্থনৈতিক খাতগুলো বেকার সমস্যা সমাধানে কতটুকু সহায়ক ভূমিকা পালন করে? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

৯. ▶ জনাব আব্দুল গফুর একজন সরকারি চাকরিজীবী। তিনি প্রতিবছর জুলাই মাসে তার বার্ষিক আয়ের ওপর ধার্যকৃত কর পরিশোধ করেন। তার বার্ষিক আয় ২,৫০,০০০ টাকা। তিনি একজন কর কর্মকর্তার কাছে জানতে চান, সরকার তার আয়ের খাত কীভাবে বৃদ্ধি করতে পারে বলে মনে করেন। কর কর্মকর্তা বলেন, সরকার তার আয়ের বিভিন্ন খাতে সঠিক তত্ত্বাবধানের মাধ্যমেই আয়ের খাত বৃদ্ধি করতে পারে।

ক. বাজেটের সংজ্ঞা দাও। ১

খ. কর রাজস্ব বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কর কর্মকর্তার উক্তি অনুযায়ী দেশের আয় বৃদ্ধির উপায় কী তা চিহ্নিত কর। ৩

ঘ. আয়ের খাতগুলো চিহ্নিত কর এবং জনাব আব্দুল গফুরের প্রদত্ত আয়কর আয়ের কোন উৎসের সাথে জড়িত— উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

http://teachingbd.com

## অর্থনীতি : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বিষয় কোড : ১ ৪ ১

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কোন অর্থনীতিবিদের বই আজকের অর্থনীতির মূল ভিত্তি?
ক) প্লেটো খ) এরিস্টটল
গ) এডাম স্মিথ ঘ) ম্যালথাস

২. অর্থনীতির মূল উদ্দেশ্য মানব কল্যাণ— কোন অর্থনীতিবিদের সংজ্ঞায় ফুটে উঠে?
ক) এডাম স্মিথ খ) রবিন্স
গ) রিকার্ডো ঘ) মার্শাল

৩. ভূমিবাদীদের মতে অনুৎপাদনশীল খাত ছিল—
i. শিল্পখাত
ii. বাণিজ্য খাত
iii. কৃষিখাত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. কোনটি অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় শর্ত?
ক) মূলধন গঠন খ) দক্ষ জনশক্তি
গ) দক্ষ উদ্যোক্তা ঘ) দক্ষ প্রশাসন

৫. 'Wealth of Nations' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?
ক) ১৭০০ খ) ১৭৭৫
গ) ১৭৭৬ ঘ) ১৮০০

৬. মিশ্র অর্থ ব্যবস্থায় বৈশিষ্ট্য হলো—
i. সরকারি নিয়ন্ত্রণ
ii. দাম ব্যবস্থা
iii. ভোক্তার স্বাধীনতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. উৎপত্তির ভিত্তিতে সম্পদকে কয় ভাগে ভাগ করা যায়?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

৮. মোট উপযোগ হ্রাস পায়—
i. প্রান্তিক উপযোগ হ্রাস পেলে
ii. প্রান্তিক উপযোগ শূন্য হলে
iii. প্রান্তিক উপযোগ ঋণাত্মক হলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৯. ব্যবসায়ের ভিত্তি কী?
ক) ভূমি খ) শ্রম
গ) মূলধন ঘ) সংগঠন

১০. বাংলাদেশের উল্লেখযোগ্য বনভূমি হচ্ছে—
ক) চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামের বনভূমি
খ) রাজশাহীর বনভূমি
গ) মাদারীপুরের বনভূমি
ঘ) সিলেটের বনভূমি

১১. প্রাকৃতিক গ্যাস ব্যবহৃত হয়—
i. সার তৈরিতে
ii. বিদ্যুৎ উৎপাদনে
iii. পরিবহণে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. উপযোগ কাকে বলে?
ক) তৃপ্তি মেটানোর ক্ষমতাকে
খ) ভোগের তীব্রতাকে
গ) চাহিদার পরিমাণকে
ঘ) অভাব মোচনের ক্ষমতাকে

১৩. কোনটি সামাজিক ব্যয়?
ক) মোটরগাড়ি ব্যয়
খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ব্যয়
গ) সমাজে স্বাস্থ্যখাতের ব্যয়
ঘ) উৎপাদনের ব্যয়

১৪. বয়স্ক ভাতা সরকারের কোন ধরনের ব্যয়ের খাত?
ক) অবসর ভাতা খ) অপ্রত্যাশিত ব্যয়
গ) সামাজিক নিরাপত্তা ঘ) পারিবারিক ভাতা

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:

সবুর মিয়া নিজের এক একর জমিতে একজন শ্রমিক নিয়োগ দিয়ে ৫০০ কেজি গম উৎপাদন করেছেন। পরে আরও ২ একর জমি ভাড়া নিয়ে অতিরিক্ত শ্রমিক নিয়োগ করে উৎপাদন বৃদ্ধি করেন।

১৫. সবুর মিয়ার প্রকাশ্য ব্যয় হলো—
ক) আর্থিক ব্যয় খ) অ-প্রকাশ্য ব্যয়
গ) সামাজিক ব্যয় ঘ) প্রকৃত ব্যয়

১৬. সবুর মিয়ার প্রকাশ্য ব্যয় হলো—
i. শ্রমিকের মজুরি
ii. ভাড়া জমির খাজনা
iii. নিজের জমির খাজনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. মিতু পাঁচ টাকা দিয়ে একটি কলম ক্রয় করল। এক্ষেত্রে পাঁচ টাকা কী?
ক) ঐ দ্রব্যের দাম
খ) ঐ দ্রবের অর্থমূল্য
গ) বিনিময়ের মাধ্যম
ঘ) ঐ দ্রব্যের মূল্যের পরিমাপক

১৮. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ক্রেতা বিক্রেতার সংখ্যা কত?
ক) দুইজন বিক্রেতা
খ) কয়েকজন বিক্রেতা
গ) অসংখ্য ক্রেতা ও বিক্রেতা
ঘ) একজন বিক্রেতা

Teachingbd.com

http://teachingbd.com

১৯. ক্লোজ আপ টুথপেস্ট কোন বাজারের পণ্য?
ক ডুয়োপলি
খ পূর্ণ প্রতিযোগিতার বাজার
গ অলিগোপলি
ঘ একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার

২০. অপূর্ণ প্রতিযোগিতার বাজারকে কয় ভাগে ভাগ করা যায়?
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৯

২১. কোন জাতীয় দ্রব্যের দাম বাজার চাহিদা ও যোগান দ্বারা নির্ধারিত হয়?
ক সমজাতীয় খ নিত্যপ্রয়োজনীয়
গ বিলাস জাতীয় ঘ আরামদায়ক

২২. চূড়ান্ত দ্রব্যের মধ্যে অন্তর্ভুক্ত থাকে—
i. প্রাথমিক দ্রব্য
ii. চূড়ান্ত দ্রব্য
iii. মাধ্যমিক দ্রব্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. মাথাপিছু একটি দেশের কীসের সূচক?
i. অর্থনৈতিক উন্নয়ন
ii. জীবনযাত্রার মান
iii. উৎপাদন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. কোন অর্থনীতিবিদ ব্যয়ের দিক থেকে জাতীয় আয় গণনা করেছেন?
ক অধ্যাপক মার্শাল খ অধ্যাপক পিগু
গ এল রবিন্স ঘ আরভিং ফিশার

২৫. পরিসংখ্যান ব্যুরো GDP ও GNP গণনা করে কীসের থেকে?
i. বাজার মূল্য ii. স্থির মূল্য
iii. বিনিময় মূল্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত মৌলিক উপকরণ হলো—
i. ভূমি ও শ্রম
ii. মূলধন
iii. সংগঠন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. সরকারের পরামর্শদাতা হিসেবে কোন ব্যাংক কাজ করে?
ক কেন্দ্রীয় ব্যাংক খ বিনিময় ব্যাংক
গ বাণিজ্যিক ব্যাংক ঘ কৃষি ব্যাংক

২৮. বাণিজ্যিক ব্যাংক স্বল্পকালের জন্য ঋণ প্রদান করে। কারণ—
i. চাওয়ামাত্র আমানতকারীদের ফেরত দিতে হয়
ii. ঋণের ঝুঁকি হ্রাস করার জন্য
iii. স্বল্পকালীন ঋণে বেশি মুনাফা অর্জিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. বাংলাদেশের একশ টাকার নোট কোন ধরনের মুদ্রা?
ক প্রতীক নোট খ সসীম বিহিত মুদ্রা
গ অসীম বিহিত মুদ্রা ঘ প্রামাণিক মুদ্রা

৩০. বাংলাদেশের আমদানি-রপ্তানির বাণিজ্যের কত শতাংশ চট্টগ্রাম সামুদ্রিক বন্দর দিয়ে পরিচালিত হয়?
ক ৪৫% খ ৬৭%
গ ৮৫% ঘ ৯৭%

৩১. দারিদ্র্যের দুষ্টচক্র দেশের কিসে বাধা সৃষ্টি করে?
ক উন্নয়নে খ মূলধন গঠনে
গ জনসংখ্যায় ঘ সঞ্চয়ে

৩২. উন্নয়ন কী?
ক প্রবৃদ্ধির সাথে অন্যান্য বিষয়ের সুফল
খ প্রবৃদ্ধির একটি অংশ
গ মাথাপিছু আয় বৃদ্ধি
ঘ জাতীয় আয় বৃদ্ধি

৩৩. চামড়া শিল্প কোন ধরনের শিল্প?
ক মাঝারি শিল্প খ কুটির শিল্প
গ ক্ষুদ্রায়তন শিল্প ঘ বৃহৎ শিল্প

৩৪. বাংলাদেশ সরকার ভূমির ওপর নিচের কোন করটি আরোপ করেছে?
ক আয়কর খ উন্নয়ন কর
গ আবগারি শুল্ক ঘ রেজিস্ট্রেশন ফি

৩৫. জাতীয় নিরাপত্তার স্বার্থে কোন খাতের অনেক ব্যয়ের হিসাব অপ্রকাশিত থাকে?
ক পুলিশ খ প্রতিরক্ষা
গ সামাজিক নিরাপত্তা ঘ জনশৃঙ্খলা

৩৬. বাংলাদেশে মূল্য সংযোজন কর কোন অর্থবছর থেকে চালু হয়েছে?
ক ১৯৮৫-৮৬ খ ১৯৯০-৯১
গ ১৯৯১-৯২ ঘ ১৯৯২-৯৩

৩৭. অর্থনৈতিক উন্নয়নের অন্যতম অন্তরায় কোনটি?
ক দারিদ্র্যের দুষ্টচক্র খ বেকারত্ব
গ নিরক্ষরতা ঘ দুর্নীতি

৩৮. কত সালে বাংলাদেশে বেসরকারি সংস্থা ব্র্যাক প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৭২ খ ১৯৭৫
গ ১৯৮৬ ঘ ১৯৯২

৩৯. নিচের কোনটি শ্রম?
ক নিজের বাগানে কাজ করা
খ মায়ের সেবা করা
গ উকিলের পরামর্শ
ঘ নিজের আনন্দে গান করা

৪০. EPZ কী?
ক Export Procuring Zone
খ Export Produring Zone
গ Export Proxel Zone
ঘ Export Processing Zone

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com